

[বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

বিশেষ আদেশ নং-১৩ /মূসক/২০১৩

তারিখঃ ২৮ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ /১২ আগস্ট, ২০১৩ খৃঃ।

যেহেতু, মোবাইল অপারেটরগণ গ্রাহকদের নিকট থেকে যে সেবামূল্য আদায় করেন তার উপর ১৫% হারে মূসক পরিশোধের পর প্রাপ্ত নীট অর্থ থেকে রেভেনিউ শেয়ারিং হিসাবে ৫.৫% অর্থ দ্বিতীয় প্রজন্মের (২এ) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে প্রদান করতে হয়;

যেহেতু, রেভেনিউ শেয়ারিং হিসাবে পরিশোধযোগ্য রাজস্বের উপর মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮(ঙ) অনুযায়ী বিটিআরসি কর্তৃক ১৫% হারে মূসক উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা রয়েছে এবং এক্ষেত্রে দ্বৈতকর আরোপিত হয়;

সেহেতু, দ্বৈতকর পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে বিটিআরসি-কে দ্বিতীয় প্রজন্মের (২এ) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী রেভেনিউ শেয়ারিং হিসাবে মোবাইল অপারেটর কর্তৃক প্রদেয় রাজস্ব হতে উৎসে মূসক কর্তন/আদায় থেকে অব্যাহতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/- ১২/০৮/২০১৩

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক অব্যাহতি)

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা। [প্রকাশিত গেজেটের ৩০০ (তিনশত) কপি জাতীয় রাজস্ব বোর্ডকে সরবরাহ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৯.০০৪.১২/

তারিখ : ১২/০৮/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ২-৪। সদস্য (মূসক নীতি)/সদস্য (মূসক বাস্তবায়ন)/সদস্য (আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, গুলফেঁশা পঞ্জা, মগবাজার, ঢাকা।
- ১৮। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২০। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২১। দ্বিতীয় সচিব (মূসক- বাস্তবায়ন পণ্য/বাস্তবায়ন সেবা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২-২৩। প্রেসিডেন্ট/মহাসচিব, AMTOB, ল্যান্ড ভিউ টাওয়ার (১৩ তলা), গুলশান, ঢাকা-১২১২।
- ২৪-২৯। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণফোন লিমিটেড, জিপি হাউস, বসুন্ধরা, বারিধারা, ঢাকা/ওরাক্সম টেলিকম বাংলাদেশ লিমিটেড, টাইগারস ডেন, বাড়ী নং-৪, বীর উত্তম মীর শওকত সড়ক, গুলশান, ঢাকা/রবি অজিয়েটা লিমিটেড, ৫৩, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা/এয়ারটেল বাংলাদেশ লিমিটেড, ১৯/এ, বনানী, ঢাকা/টেলিটক বাংলাদেশ লিঃ, হাউস নং-৪১, রোড নং-২৭, বগুকা-এ, বনানী, ঢাকা-১২১৩/প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লিঃ, প্যাসিফিক সেন্টার, নীচ তলা, ১৪ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
- ৩০। অফিস কপি/গার্ড নথি।

সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় ডাক ও টেলিযোগাযোগমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)